৩২


দৈনিক ইত্তেফাক

তারিখ ... 24 DEC 1998 ...
পৃষ্ঠা ১৬ কলাম ২ ......





*বিজ্ঞানের প্রতি ছাত্র-ছাত্রীদের আগ্রহ বাড়িয়ে তুলতে হবে*

# বিজ্ঞানের টুকিটাকি

❑ বিকল্প ইনজেকশনঃ বুক ধড়ফড় করে ওঠে ইনজেকশন নিতে হবে শুনলেই। হ্যাঁ, তাদের জন্যই সুখবর! এখন থেকে ইনজেকশন দেওয়ার সময় দেহে আর সূঁচ ঢোকাতে হবে না। বৃটিশ কোম্পানী ওয়েস্টন মেডিসিন রোগীর শরীরে সূঁচ না ঢুকিয়ে অথবা কোন ক্ষত ছাড়াই ইনজেকশন দেওয়ার যন্ত্র উদ্ভাবন করেছে। মার্কার পেনের মত দেখতে এই যন্ত্রটিতে আগে থেকেই গ্যাস ঢোকানো হয়। ব্যবহারের সময় প্রয়োজনীয় ওষুধটি ঢুকিয়ে নিয়ে রোগীর ত্বকের ওপর চেপে ধরলেই ভেতরকার গ্যাস প্রচণ্ড চাপে একটি পিস্টন ঠেলে ওষুধ ত্বকের ভেতর দিয়ে শরীরে প্রবেশ করায়।

❑ পাওয়ারফুল টেলিফোন ঃ এটি দেখতে ক্ষুদ্র, হাতের তালুতে রাখা যায় অনায়াসে। আড়াল করা যায়। কিন্তু এর আরো একটি গুণ হচ্ছে, এটি পৃথিবীর অন্যসব অত্যাধুনিক এবং পাওয়ারফুল টেলিফোন। বিশ্বখ্যাত মটোরোলা এই সেলুলার ফোন উদ্ভাবন করে। ফোনটির মাধ্যমে পৃথিবী তো আছেই মর্তের চন্দ্র বা মঙ্গল গ্রহেও যোগাযোগ সম্ভব হবে।

❑ সোলার স্কুটারঃ সৌরশক্তির সাহায্যে এবার চলবে স্কুটার। দূষণমুক্ত নয়নাভিরাম স্কুটারটির নক্সা তৈরি করেছেন লণ্ডনের সাউথ ব্যাংক বিশ্ববিদ্যালয়ের ইঞ্জিনিয়ার পল চ্যাপেল। ভুবনবিখ্যাত স্কুটার কোম্পানি, ইতালির 'পিয়াজিও'র সহায়তায় চ্যাপেল তৈরি করেন এই দূষণমুক্ত স্কুটার। স্কুটারে রাখা ১২ ভোল্টের একটি ব্যাটারি সরাসরি শক্তি নেবে সূর্যমামা থেকে। আর এটাই তার পথ চলার পাথেয়। আকাশ মেঘলা থাকলে অসুবিধায় ফেলতে পারবে না। রিজার্ভের সৌরশক্তি জমিয়ে বিপদমুক্ত করবে।

❑ ভিডিও ই-মেলঃ ভারতের উত্তর প্রদেশের জয়পুর শহরে বিশ্বের প্রথম ভিডিও ই-মেল চালু হয়েছে। এই যন্ত্রটি সংবাদ প্রেরকের ছবিসহ সংবাদ পাঠাবে ১০-১৫ সেকেন্ডের মধ্যে। ভারত বিশ্বের প্রথম রাষ্ট্র যেখানে বাণিজ্যিক ভিত্তিতে অতিদ্রুত এটা গণমাধ্যমে ছড়িয়ে পড়ছে।

❑ পকেট ভিডিও ক্যামেরাঃ জাপানের হিটাচি কোম্পানির 'ইমেজ এন্ড ইনফরমেশন মিডিয়া সিস্টেম বিভাগের তাকুইয়া ইমেদে তৈরি করেছেন পকেট ভিডিও ক্যামেরা। এটি দিব্যি পকেটে নিয়ে ঘোরা যায় আর হাতের তালুতে রেখে ভিডিও এবং স্থিরচিত্র তোলা যায় সাধ্যমত। 'এমপিইজি' নামের এই ক্যামেরা তৈরি করা হয়েছে প্রধানত 'মাল্টিমিডিয়া' ও ভিডিও তথ্য ব্যবস্থাপনার অঙ্গ হিসেবে। এর ভেতরে আছে একটি পিসি কার্ড। হার্ডডিস্ক যা ২০ মিনিটের ভিডিও ছবি রেকর্ড করতে পারে, ধরে রাখতে পারে ৩০০০টি স্থির ছবি। এছাড়া ৪ ঘন্টা অডিও রেকর্ড করতেও যন্ত্রটি সিদ্ধহস্ত। প্রচলিত ভিডিও-র সঙ্গে এর তফাৎ হচ্ছে এই যে, এটি খুব সহজেই পিসির সঙ্গে জুড়ে এর স্থির বা ভিডিও ছবি দেখা যায়। ❑ বুদ্ধিমান চুলাঃ ইতালির কোম্পানি মেরলোনি ইলেকট্রোডোমেসটিসি শীঘ্রই বাজারজাত করবে 'বুদ্ধিমান চুলা'। এর সঙ্গে থাকবে রিমোট কন্ট্রোল সিস্টেম। আপনি বিছানায় শুয়ে কিংবা বাগানের পরিচর্যা করতে করতে চুলাকে নিয়ন্ত্রণ করতে পারবেন। রেসিপি, তাও ইন্টারনেট সরবরাহ করবে। কোম্পানির চীফ এক্সিকিউটিভ কর্মকর্তা এ তথ্য দেন। আপনিও আপনার চুলার সাথে ইন্টারনেট সংযোগ করে রান্না-বান্নার কাজ সারতে পারবেন। ❑ এন, এ, রাজু